Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 21 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের সর্ববৃহৎ নিউজপেপার অলিম্পিয়াড সিজন-৪।রাবি মার্কেটিং ক্লাবের সহযোগিতায় এই অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে।

অংশগ্রহণকারীদের মধ্যে আঞ্চলিক পর্বে সিলেকশন ব্যবস্থা থাকছে। পরে প্রতিটি অঞ্চলের সিলেকশন রাউন্ড থেকে নির্বাচিত সেরা প্রতিযোগীরা অংশগ্রহণ করবে ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় গ্র্যান্ড ফিনালেতে।এক্ষেত্রে জাতীয় পর্বের গ্র্যান্ড ফিনালেতে বিজয়ীদের জন্য থাকছে ১ লক্ষ টাকার প্রাইজমানি, ট্রফি ও সনদপত্র।আঞ্চলিক পর্বে অংশগ্রহণকারী সকল প্রতিযোগীর জন্য থাকছে সনদপত্র ও সৌজন্যমূলক উপহার।

রাজশাহীর আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত হবে আগামী ২৬ এপ্রিল। পরীক্ষার সিলেবাস হিসেবে নির্ধারণ করা হয়েছে ২০ মার্চ থেকে ৫ এপ্রিল পর্যন্ত প্রকাশিত জাতীয় দৈনিক পত্রিকাসমূহ। অলিম্পিয়াডে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফি হিসেবে দিতে ২০০ টাকা। রাজশাহী বিশ্ববিদ্যালয় টুকিটাকি চত্বরে অবস্থিত নিউজপেপার অলিম্পিয়াডের বুথে অথবা, □□□□□□□□□.□□□□/□□□□□□ □□□-□□□□□□□ অনলাইনে রেজিস্ট্রেশনের ব্যবস্থা থাকছে।

ডেইলি স্টার ও বিকাশ আয়োজিত এই অলিম্পিয়াডে দেশের ২৫ টিরও বেশি জেলার প্রতিযোগিরা অংশগ্রহণ করবেন।৫টি ক্যাটাগরিতে অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন প্রতিযোগিরা। ৩য়-৫ম শ্রেণি পর্যন্ত প্রথম, ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত দ্বিতীয়, ৯ম-১০ম শ্রেণি তৃতীয়, ১১শ-১২শ শ্রেণি চতুর্থ এবং বিশ্ববিদ্যালয় ও তদূর্ধ্ব পর্যন্ত পঞ্চম ক্যাটাগরির প্রতিযোগি হিসেবে বিবেচিত

হবেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় মার্কেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মাহফুজ আলম নয়ন জানান, নিউজ পেপার অলিম্পিয়াড একটি ব্যতিক্রমধর্মী প্রচেষ্টা। ইন্টারনেট ও সোশ্যাল মিডিয়ার অবাধ বিস্তারের ফলশ্রুতিতে নিউজ পেপার পড়ার কিংবা সেগুলো এনালাইসিস করার যে অভ্যাস এবং কালচার পূর্বে ছিলো সেটি বিলুপ্ত প্রায়। বিলুপ্ত হতে যাওয়া ভালো অভ্যাসগুলোতে প্ররোচিত করতে প্রত্যেক লেভেলের শিক্ষার্থীদের কাছে এই ধরনের প্রচেষ্টা পৌছে দিতে পারার আয়োজনের অংশীদার হতে পেরে বেশ দারুন অনুভূতি হচ্ছে।

বিশ্ববিদ্যালয় গ্র্যান্ড ফিনালে প্রতিযোগী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:09

URL: https://timestodaybd.com/campus/1179775807